



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৬৭০০.০১৭.২৭.০০২.২০২১-৬৩৫

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৮
২৩ আগস্ট ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব অদুদ মাহমুদ, চেয়ারম্যান, সাতগ্রাম ইউনিয়ন পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ কে একই ব্যক্তির অনুকূলে দুটি ওয়ারিশ সনদ পদান, ব্যক্তিগত যোগসাজস, পক্ষপাতমূলক আচরণ, আর্থিক লাভবান হওয়া, দায়িত্ব ও কর্তব্য পালনে চরম অবহেলার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৩ আগস্ট, ২০২১ তারিখের ৬৩৪ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) এর অপরাধ সংঘটিত করার অপরাধে কেন আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩৩৯৪
ই-মেইল: up1lgd@gmail.com

জনাব অদুদ মাহমুদ
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) সাতগ্রাম ইউনিয়ন পরিষদ
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।